



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম International Islamic University Chittagong

Kumira, Chattogram-4218, Bangladesh

Tel : 03042 51154-61, Ext: 401, 402, 403, Fax : 03042 51160

E-mail : info@iiuc.ac.bd, Website : www.iiuc.ac.bd

Ref.: IIUC/REG: ২৭২৮০. ৬.৬ (৫০) ২০২৩

Date: ২৯.০৫.২০২৩

সাধারণ বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম-এর সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আইআইইউসি জেনারেল কাউন্সিলের সম্মানিত সদস্য নদওয়াতুল ওলামা, লক্ষ্মী, ভারত এর সাবেক রেক্টর মুর্শিদুল উম্মাহ মাওলানা শায়খ সাইয়েদ মুহাম্মদ রাবে আল হাসানী আল নদভী (রহ:) এর জীবন ও কর্ম শীর্ষক একটি আন্তর্জাতিক সেমিনার আগামী ৩১ মে, ২০২৩ তারিখ, বুধবার, সকাল ১০টায় আইআইইউসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

উক্ত সেমিনার অনুষ্ঠানে সভাপতিত্ব করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জামেয়া দারুল মা'আরিফ আল ইসলামিয়া, চট্টগ্রাম এর প্রতিষ্ঠাতা পরিচালক ও মুহতামিম হযরতুল আল্লামা শায়খ মুহাম্মদ সুলতান যওক নদভী, অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ভারতের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ সানাউল্লাহ আল-নদভী। এতে দেশী-বিদেশী অনেক বরণ্য আলেম-ওলেমাসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠান সফল করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা (সহকারী পরিচালক এবং তদূর্ধ্ব) সহ সংশ্লিষ্ট সকলকে অনুষ্ঠানস্থলে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান ও অফিস প্রধান মহোদয়গণ তাঁদের স্ব স্ব বিভাগ/অফিস থেকে উক্ত সেমিনারে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করবেন।

২৯/৫/২০২৩

এ. এফ. এম. আখতারজ্জামান (কায়সার)

রেজিস্ট্রার

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।

